# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ কামাল সাহেব তার মেয়ে রুপাকে নিয়ে সদরঘাটের কাছে একটি পার্কে বেড়াতে গেলেন। সেখানে গিয়ে তিনি তার মেয়েকে ঐ পার্ক সম্পর্কে কিছু তথ্য দিলেন। তাছাড়া তিনি ঢাকার আরও কিছু প্রত্নতাত্ত্বিক নিদর্শন সম্পর্কে ধারণা দিলেন। রুপা তার বাবাকে বলল, বাবা, এই কাজগুলো যদি যথাযথভাবে সংরক্ষণ করা না হয়, ভবিষ্যৎ প্রজন্ম এগুলো সম্পর্কে জানতে পারবে না।

ক. ঢাকার সবচেয়ে প্রাচীন গির্জা কোনটি? ১
খ. প্রত্নতত্ত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত পার্কটি প্রতিষ্ঠার প্রেক্ষাপট বর্ণনা করো। ৩
ঘ. রুপার শেষ বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২.▶

| সংস্কৃতি | উপাদান |
|---|---|
| P | দুকুল, পত্রোর্ণ, কষ্টিপাথর |
| Q | গম্ভীরা, বারমাস্যা, মুর্শিদি |

ক. সাংস্কৃতায়ন কী? ১
খ. প্রযুক্তি কীভাবে সংস্কৃতির উন্নয়ন ঘটায়? ২
গ. 'Q' দ্বারা কোন ধরনের সংস্কৃতি নির্দেশ করা হয়েছে? বুঝিয়ে বলো। ৩
ঘ. উদ্দীপকের 'P' এ উল্লিখিত সংস্কৃতি বাঙালির মনকে প্রস্ফুটিত করে।' ব্যাখ্যা করো। ৪

৩. ★ বাতেন সাহেব তার ৮ বছরের ছেলেকে নিয়ে স্টেডিয়ামে স্বাধীনতা দিবসের কুচকাওয়াজ দেখতে যান। তখন মাইকে উচ্চস্বরে একটি ভাষণ শোনা যাচ্ছিল- যার কথাগুলো ছিল 'এবারের সংগ্রাম, আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম।'

Teachingbd24.com

ক. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে বিভক্ত করা হয়েছিল? ১
খ. যৌথ বাহিনী বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ভাষণের প্রেক্ষাপট বর্ণনা করো। ৩
ঘ. তুমি কি মনে কর উক্ত ভাষণই ছিল মুক্তি সংগ্রামের মূলমন্ত্র? বিশ্লেষণ করো। ৪

৪. ★ রফিকের বাবা তাকে একটি মোবাইল ফোন কিনে দিলেন যাতে ইন্টারনেট সুবিধা আছে। রফিক ইন্টারনেটের সাহায্যে সংবাদপত্র পড়ে এবং শিক্ষাবিষয়ক পাতাগুলো পড়ার জন্য সংরক্ষণ করে। তার মা একে ভালোভাবে দেখেন না, তিনি ভাবেন এটি রফিকের পড়ালেখায় বিঘ্ন সৃষ্টি করবে।

ক. সামাজিকীকরণ বলতে কী বোঝায়? ১
খ. 'সামাজিকীকরণ প্রক্রিয়ায় সংবাদপত্র গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে'—ব্যাখ্যা করো। ২
গ. কোন মাধ্যমটি রফিকের সামাজিকীকরণে সহায়তা করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর ইন্টারনেট ব্যবহার রফিকের পড়ালেখায় বিঘ্ন ঘটাবে? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ জনাব 'X এবং 'Y' রাষ্ট্রের দুটি ভিন্ন ধরনের কর্মকাণ্ডে জড়িত। জনাব 'X' দেশে আইন প্রণয়নে কাজ করেন। অপরদিকে জনাব Y' আইন প্রয়োগের কাজে নিয়োজিত।

ক. কত সালে চূড়ান্তভাবে সংবিধান অনুমোদিত হয়? ১
খ. সরকারকে রাষ্ট্রের মূল চালিকাশক্তি বলা হয় কেন? ২
গ. জনাব 'X' এর কাজ রাষ্ট্রের কোন অঙ্গকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব 'X' ও 'Y' এর কাজের মাধ্যমে কি রাষ্ট্র পরিচালনা করা সম্ভব? তোমার মতামত দাও। ৪

৬. ▶ জনাব 'X' স্থানীয় সরকারের প্রধান। তিনি শহর এলাকার হোটেল ও রেস্তোরাঁগুলোতে অনুসন্ধান চালান। তিনি অসৎ কাজ এবং পঁচা বা বাসি খাবার সরবরাহের বিরুদ্ধে ব্যবস্থা নেন।

ক. বাংলাদেশে জেলা পরিষদের সংখ্যা কত? ১
খ. জাতীয় সংসদ বলতে কী বোঝ? বুঝিয়ে বলো। ২
গ. জনাব 'X' কোন স্থানীয় সরকারের প্রতিনিধি? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব 'X' এর কাজ কি উক্ত এলাকার উন্নয়নের জন্য যথেষ্ট? বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৭. ▶ রহিমা বেগম ফরিদপুর জেলার কানিপুর গ্রামের বাসিন্দা। তিনি এলাকার একটি বেসকারি সংস্থার মাধ্যমে মা ও শিশু স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা নিয়ন্ত্রণ বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান লাভ করেছেন।

ক. জাতীয় জনসংখ্যা দিবস কবে পালিত হয়? ১

খ. জনসংখ্যা ও উন্নয়ন কীভাবে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা করো। ২

গ. রহিমার পরিবারের সদস্যসংখ্যা সীমিত রাখতে ঐ বেসরকারি সংস্থাটি কী উদ্যোগ গ্রহণ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর উল্লিখিত উদ্যোগ দেশের জনসংখ্যা নিয়ন্ত্রণের জন্য যথেষ্ট? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৮. ▶ রসুলপুর গ্রামের অধিবাসীরা তাদের শিশুদের নিয়ে খুবই উদ্বিগ্ন। গ্রামের কিশোররা দিনে দিনে বিভিন্ন অপরাধে জড়িয়ে পড়ছে। মারামারি, ইভ টিজিং, এসিড নিক্ষেপ, অশ্লীল ছবি দেখা নৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। এসব সমস্যার প্রধান কারণ হচ্ছে, গ্রামটির অধিকাংশ কিশোর মাদকাসক্ত।

Teachingbd24.com

ক. বাংলদেশে কিশোর অপরাধের বয়সসীমা কত? ১

খ. বাংলাদেশের শিশু-কিশোররা কী কী অপরাধ করে থাকে? ২

গ. রসুলপুর গ্রামের শিশুকিশোররা কেন মাদকাসক্ত হচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. রসুলপুর গ্রামের শিশু-কিশোরদের মাদকাসক্তি ও অপরাধ রোধ করতে কী কী পদক্ষেপ নেওয়া উচিত? বিশ্লেষণ করো। ৪

৯. ▶ বাংলাদেশের শিল্পায়ন

শিল্প-A

কম পুঁজি | বেশি শ্রমিক | উৎপাদন ৫৬.৫৪ মিলিয়ন মিটার

শিল্প-B

রপ্তানিমুখী | ৩০ লাখ শ্রমিক | বিপুল বৈদেশিক মুদ্রা


https://teachingbd24.com

ক. বাংলাদেশের প্রথম কাগজকলের নাম কী? ১
খ. মৎস্য সম্পদের সাথে জীবিকার সম্পর্ক ব্যাখ্যা করো। ২
গ. শিল্প- A এর ব্যাখ্যা দাও। ৩
ঘ. 'সবার জন্য উন্নত জীবন নিশ্চিত করতে শুধু কৃষি কাজ যথেষ্ট নয়'- উপরের উদ্দীপকটি এই বক্তব্য খণ্ডন করতে পারে কি? তোমার মতামত দাও। ৪

১০. ★ হাবিব চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। ছুটিতে কয়েকজন বন্ধুকে নিয়ে সে চট্টগ্রামের বনাঞ্চলে গেল। তারা সবাই সেগুন, গর্জন, জারুল গাছে পরিপূর্ণ বনভূমি দেখে মুগ্ধ হলো। ফেরার পথে হাবিব সঙ্গীদের ঐ অঞ্চলের প্রধান নদীর তীরে নিয়ে গেল এবং বলল, নদীটি থেকে প্রচুর বিদ্যুৎ শক্তি উৎপন্ন হয়। তারা বঙ্গোপসাগরও দেখতে গেল।

ক. জীব বৈচিত্র্য কী? ১
খ. ঔষধ শিল্পের বর্ণনা দাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সম্পদগুলো সম্পর্কে আলোচনা করো। ৩
ঘ. উল্লিখিত সম্পদগুলো কীভাবে আমাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ঘটাচ্ছে? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

১১. ▶




ক. আন্তঃসাংস্কৃতিক সম্পর্কের সংজ্ঞা দাও। ১
খ. রাখাইনদের সামাজিক জীবন ব্যাখ্যা করো। ২
গ. 'A' ও 'B' এর সামাজিক জীবন ব্যাখ্যা করো। ৩
ঘ. 'A' ও 'B' এর সাংস্কৃতিক জীবন আলোচনা করো। ৪

Teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ ১৯৭১ সালের ২রা মার্চ কী ঘটেছিল?
ক) সর্বপ্রথম জাতীয় পতাকা উত্তোলন করা হয়
খ) বাংলাদেশে গণহত্যার শুরু হয়
গ) পূর্ব পাকিস্তানে গণভোট অনুষ্ঠিত হয়
ঘ) ছাত্র সংগ্রাম পরিষদ গঠিত হয়

২. মুজিবনগর সরকার কবে শপথ গ্রহণ করেন?
ক) ১৭ই এপ্রিল ১৯৭১
খ) ১০ই মার্চ ১৯৭১
গ) ৪ঠা নভেম্বর ১৯৭২
ঘ) ১২ই অক্টোবর ১৯৭২

৩. ভিক্টোরিয়া পার্ক কোথায় অবস্থিত?
ক) মিরপুর খ) ধানমন্ডি
গ) সোনারগাঁও ঘ) সদরঘাট

৪. কোন দেশটি পাকিস্তানের যুদ্ধ বিরতির বিপক্ষে ছিল?
ক) রাশিয়া খ) যুক্তরাষ্ট্র
গ) সুইডেন ঘ) চীন

৫. ★ আমাদের মুক্তিযুদ্ধের সময় কয়টি সেক্টর ছিল?
ক) ১১ খ) ১২
গ) ৩২ ঘ) ৬৪

৬. সর্বপ্রথম স্বাধীনতার ঘোষণা প্রচার করেন কে?
ক) এম. এ হান্নান খ) জিয়াউর রহমান
গ) আব্দুল হালিম ঘ) আব্দুল মান্নান

৭. কাদেরিয়া বাহিনী কোন অঞ্চলে ছিল?
ক) টাঙ্গাইল খ) নাটোর
গ) পাবনা ঘ) রাজশাহী

৮. ★ পৃথিবীর যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে যুগান্তকারী এনেছে কোনটি?
ক) ই-বুক খ) ই-কমার্স
গ) ই-মেইল ঘ) নোটবুক

৯. সরকারকে জাহাজের কোন অংশের সাথে তুলনা করা হয়?
ক) মাস্তুল খ) ইঞ্জিন
গ) রাডার ঘ) দেহ

১০. নিয়মতান্ত্রিক রাজতন্ত্রে রাজা বা রানি ক্ষমতা লাভ করেন—
ক) জনগণের ভোটে
খ) পরোক্ষ নির্বাচনের মাধ্যমে
গ) উত্তরাধিকার সূত্রে
ঘ) প্রশাসনিক প্রক্রিয়ায়

১১. কোন সংস্থার প্রচেষ্টায় ২১শে ফেব্রুয়ারি এখন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হয়?
ক) UNDP খ) UNESCO
গ) FAO ঘ) UNFPA

১২. ★ ইউনেস্কো বাংলাদেশে কাজ করছে—
i. খাদ্য ও কৃষির উন্নয়নে
ii. বিজ্ঞান শিক্ষার উন্নয়নে
iii. সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৩. WHO এর সদর দফতর কোথায় অবস্থিত?
ক) রোম খ) নিউইয়র্ক
গ) জেনেভা ঘ) প্যারিস

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**
'A' নামক একটি রাষ্ট্র রয়েছে যেখানে কোনো সিদ্ধান্ত নেওয়ার সময় জনগণের মতামত গ্রহণ করা হয়। কিন্তু সেই রাষ্ট্রে জনগণ তাদের অধিকার সম্পর্কে সচেতন। তারা সরকারের কার্যক্রমের বিষয়ে প্রেসক্লাবে সভা আয়োজনের সিদ্ধান্ত নেয়।

১৪. উদ্দীপকে কোন সরকার পদ্ধতির ইঙ্গিত দেওয়া হয়েছে?
ক) গণতন্ত্র খ) স্বৈরতন্ত্র
গ) সমাজতন্ত্র ঘ) সাম্যবাদ

১৫. জনগণের সিদ্ধান্ত গ্রহণ করার বিষয়টি নির্দেশ করে—
i. সেই রাষ্ট্রের জনগণকে
ii. সেই সরকারের দায়িত্বকে
iii. জনগণের রাজনৈতিক অধিকারকে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৬. বাংলাদেশে কত তারিখকে জাতীয় জনসংখ্যা দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে?
ক) ১লা ফেব্রুয়ারি খ) ১লা জানুয়ারি
গ) ২রা ফেব্রুয়ারি ঘ) ২রা জানুয়ারি

১৭. ২০১০ সালে বাংলাদেশ সরকার কোন ক্ষেত্রে পুরস্কার লাভ করে?
ক) শিশু মৃত্যুর হার কমানো
খ) প্রসবকালীন মাতৃ মৃত্যুহার কমানো
গ) মাতৃ মৃত্যুতে
ঘ) শিক্ষার হার বৃদ্ধিতে

https://teachingbd24.com

১৮. মেধাবী শিক্ষার্থীদের উচ্চতর প্রশিক্ষণের জন্য উন্নত দেশে পাঠাতে বৃত্তি প্রদানের ব্যবস্থা করা হয়—
i. সরকারি উদ্যোগে
ii. বেসরকারি উদ্যোগে
iii. ব্যক্তিগত উদ্যোগে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii    ⓚ i ও iii

(ক) i ও ii    (খ) i ও iii
(গ) ii ও iii    (ঘ) i, ii ও iii

১৯. শিশুদের মনে হীনমন্যতা তৈরি করে কোনটি?
(ক) শারীরিক বা মানসিক ত্রুটি
(খ) আদর-যত্নের অভাব
(গ) পিতা-মাতার বিচ্ছেদ
(ঘ) অতিরিক্ত শাসন

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**
বেসরকারি সংস্থাগুলো মা ও শিশুর স্বাস্থ্য বিষয়ক বিশেষ কর্মসূচি বাস্তবায়ন করছে।

২০. উদ্দীপকে উল্লিখিত বেসরকারি সংস্থার কার্যক্রম বলতে কোন পদক্ষেপকে ইঙ্গিত করা হয়েছে?
(ক) বাল্য বিবাহ
(খ) সচেতনতা কার্যক্রম
(গ) প্রশিক্ষণ কার্যক্রম
(ঘ) কমিউনিটি ভিত্তিক পরিবার পরিকল্পনা প্রকল্প

২১. এই পদক্ষেপ যা বৃদ্ধিতে সাহায্য করে—
i. সচেতনতা
ii. পরিবার পরিকল্পনা
iii. উৎসাহ
নিচের কোনটি সঠিক?
(ক) i    (খ) ii
(গ) iii    (ঘ) i, ii ও iii

২২. ৭-১৬ বছর কিশোর অপরাধীর বয়সসীমা রয়েছে—
i. বাংলাদেশ ও ভারতে
ii. জাপানে
iii. শ্রীলঙ্কায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii    (খ) i ও iii
(গ) ii ও iii    (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
বাংলাদেশে বিভিন্ন প্রাকৃতিক সম্পদ যেমন- বন, পশুপাখি, মাছ, জলজ উদ্ভিদ ইত্যাদি রয়েছে। কিন্তু দেশের জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় সম্পদের উপর চাপ বাড়ছে। তাই এসব সম্পদ রক্ষায় আমাদের সচেতন হতে হবে।

২৩. উদ্দীপকে বাংলাদেশের যে অবস্থা বর্ণিত হয়েছে তাকে কী বলে?
(ক) জলবায়ু পরিবর্তন    (খ) জীবের ভারসাম্য
(গ) জীববৈচিত্র্য    (ঘ) বৈশ্বিক উষ্ণায়ন

২৪. বোমাং রাজা যাদের প্রধান—
(ক) মারমা    (খ) চাকমা
(গ) সাঁওতাল    (ঘ) রাখাইন

২৫. বর্তমানে বাংলাদেশে কয়টি পাটকল আছে?
(ক) ৭৪    (খ) ৮
(গ) ৭৬    (ঘ) ১৭

২৬. বাংলাদেশে সবচেয়ে প্রাচীন শিল্প কোনটি?
(ক) ঔষধ    (খ) সার
(গ) কাগজ    (ঘ) চা

২৭. বর্তমানে গারোরা যে কারণে 'জুম' চাষ করে না—
i. সমতল ভূমিতে বাস করে বলে
ii. পাহাড়ের পাদদেশে বাস করে বলে
iii. পাহাড়ি এলাকায় বাস করে বলে
নিচের কোনটি সঠিক?
(ক) i    (খ) ii
(গ) iii    (ঘ) i ও ii

২৮. কাগজ শিল্পের কাঁচামাল হলো—
i. ধান
ii. বাঁশ
iii. বেত
নিচের কোনটি সঠিক?
(ক) i    (খ) ii ও iii
(গ) i ও ii    (ঘ) i, ii ও iii

২৯. বাংলাদেশে চা উৎপাদন হয়—
i. খুলনায়
ii. সিলেটে
iii. চট্টগ্রামের পাহাড়ি অঞ্চলে
নিচের কোনটি সঠিক?
(ক) i    (খ) ii ও iii
(গ) i ও ii    (ঘ) i, ii ও iii

৩০. বাংলাদেশ কোন ধরনের দেশ?
(ক) কৃষি নির্ভর    (খ) শিল্প নির্ভর
(গ) উন্নত    (ঘ) বাণিজ্য নির্ভর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক |

https://teachingbd24.com